ভোরের কাগজ

172

তারিখ ... JUL 12 1999

পৃষ্ঠা ৭ কলাম ৬

# বাগেরহাট সরকারি পিসি কলেজে অচলাবস্থা ছাত্র শিক্ষককদের পরস্পরবিরোধী অবস্থান

বাগেরহাট প্রতিনিধি : অধ্যক্ষের অপসারণসহ ছয়দফা দাবি আদায়ের লক্ষ্যে বাগেরহাট সরকারি পিসি কলেজের ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন অব্যাহত রেখেছে।

গত ৭ জুলাই কলেজের ঈদ-ই-মিলাদুন্নবীর অনুষ্ঠানে আগত একজন হিন্দু ছাত্রকে ইসলামের ইতিহাস বিভাগের জনৈক শিক্ষক লাঞ্ছিত করলে ছাত্রছাত্রীরা চরম ক্ষুব্ধ হয়। ছাত্ররা অভিযোগ করে উক্ত শিক্ষক এ বিষয়ে সাম্প্রদায়িক উক্তি করে। এ ঘটনায় প্রতিবাদে ছাত্ররা মিছিল করে উক্ত শিক্ষকের বিচার দাবিতে গত ৮ জুলাই থেকে ক্লাস বর্জন শুরু করে।

গত শনিবার সকাল ১০টায় পিসি কলেজের অনুষ্ঠিত ছাত্র সমাবেশে ঐ শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা না-নেওয়ায় এবং দুর্নীতি ও প্রশাসনিক অনিয়মের উল্লেখ করে অধ্যক্ষের অপসারণ দাবি করা হয়। সমাবেশে ছাত্র নেতারা ৬ দফা দাবি উল্লেখ করে ২৪ ঘন্টার মধ্যে দাবি না মানলে অধ্যক্ষের কক্ষে তালা বন্ধ করে দেওয়ার হুমকি দেয়।

এ ব্যাপারে অধ্যক্ষ জানান, ইসলামের ইতিহাস বিভাগের শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগকে কেন্দ্র করে কতিপয় উচ্ছৃঙ্খল ছাত্র দুইজন শিক্ষককে লাঞ্ছিত করে। ছাত্ররা এর পরে অধ্যক্ষের রুম ভাঙচুর করে। এ ঘটনার প্রতিবাদে শিক্ষকরা গত ৮ জুলাই থেকে তিনদিন ক্লাস বর্জন করেন বলে তিনি জানান।